

তারিখ 07/02/14

**অনাবাসী(বহির্দেশি)রুপি(এনআরই)আমানতের উপর সুদের হারে বিনিয়ন্ত্রণ**

আরবিআই/2013-14/484

ইউবিডি.বিপিডি.(পিসিবি).সার.নং.47/13.01.000/2013-14

ফেব্রুয়ারি 07, 2014

মুখ্য নির্বাহী আধিকারিক  
সমস্ত প্রাথমিক (শহরাঞ্চলিক) সমবায় ব্যাঙ্ক

প্রিয় মহাশয় / মহাশয়া

**অনাবাসী(বহির্দেশি)রুপি(এনআরই)আমানতের উপর সুদের হারে বিনিয়ন্ত্রণ**

অনুগ্রহ করে আমাদের সেপ্টেম্বর 3, 2013 তারিখের সার্কুলার ইউবিডি.বিপিডি.(পিসিবি).সার.নং.8/13.03.00/2013-14 দেখবেন যার মাধ্যমে আমরা ব্যাঙ্কগুলিকে বলেছি, যে বৃদ্ধিশীল এনআরই আমানতগুলির মেয়াদ তিন বছরের বেশি তাদের কোন উর্ধ্বসীমা ছাড়া সুদ প্রদান করার ব্যাপারে স্বাধীনতা দিতে যাতে সিআরআর/এসএলআর-এর বাধ্যবাধকতা থেকে প্রদত্ত ছাড়ের লাভ তারা অন্যদের দিতে পারে।। এইনির্দেশগুলি নভেম্বর 30, 2013 পর্যন্ত কার্যকরী ছিল। ডিসেম্বর 2, 2013 তারিখের সার্কুলার ইউবিডি.বিপিডি. (পিসিবি).40/13.01.000/2013-14-এর অনুচ্ছেদ 2 অনুযায়ী পর্যালোচনা সাপেক্ষে এই নির্দেশগুলির কার্যকারিতা জানুয়ারি 31, 2014 পর্যন্ত বাড়ান হল।

2. পর্যালোচনার ভিত্তিতে এবং ব্যাঙ্কগুলিকে কিছুটা সময় দেওয়ার জন্য সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে উপরোক্ত ব্যবস্থা ফেব্রুয়ারি 28, 2014 পর্যন্ত প্রসারিত করা হবে। মার্চ 1, 2014 থেকে সুদের উপর উর্ধ্বসীমা আগস্ট 30, 2013 -এর পূর্ববর্তী নির্ধারিত উর্ধ্বসীমায় ফিরে যাবে অর্থাৎ এনআরই আমানতের উপর ব্যাঙ্কের দেওয়া সুদের হার দেশের ভিতরে সমতুল রুপি আমানতের উপর দেওয়া সুদের থেকে বেশি হতে পারবে না।

3. এই বিষয়ে অন্যান্য সমস্ত নির্দেশ, সময়ে সময়ে সংশোধনসহ, অপরিবর্তিত থাকবে।

আপনার বিশ্বস্ত,

(এ.কে.বেরা)

প্রধান মুখ্য মহাপ্রবন্ধক